গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.acl.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং- ৩১.০২.৪৯৬১.০০০.০৩.০২৩.২৪- ০২

তারিখঃ ১৭ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
০১ জানুয়ারী, ২০২৬ খ্রিষ্টাব্দ

# "জলমহাল ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নাগেশ্বরী উপজেলাধীন নিম্নবর্ণিত ২০.০০ (কুড়ি) একর পর্যন্ত ১০ (দশ) টি (বদ্ধ) জলমহাল বাংলা ১৪৩৩ হতে ১৪৩৫ সন পর্যন্ত (তিন) বছরের জন্য ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত নির্ধারিত শর্ত সাপেক্ষে ২৩ নভেম্বর, ২০২৫ খ্রি. (০৮ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ) ভূমি মন্ত্রণালয় সায়রাত-১ অধিশাখার ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫-৭০৪ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপন অনুযায়ী আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন / সমবায় সমিতি / সমিতি এর নিকট হতে jm.lams.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করে অনলাইনে (online) এ আবেদন পূরণপূর্বক আবেদনের মূলকপিসহ সীলমোহরকৃত ইজারার আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইনে (online) আবেদন দাখিল ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট / পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা প্রদানপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম কার্যালয়ে অথবা উপজেলা ভূমি অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম এ অনলাইনে (online) দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও ২০% জামানতের ব্যাংক ড্রাফট / পে-অর্ডারের মূলকপি সিলগালাকৃত মুখবন্ধ খামে নিম্নলিখিত নির্ধারিত সময়সূচী মোতাবেক আবেদন দাখিল করা যাবে। বিস্তারিত জানতে ভিজিট করুন nageshwari.kurigram.gov.bd অথবা acl.nageshwari.kurigram.gov.bd

শুধু সমবায় অধিদপ্তর ও সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয় ও উপজেলা ভূমি অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম এ রক্ষিত বাক্সে নিম্নোল্লিখিত নির্ধারিত তারিখসমূহে দুপুর ১.০০ টা পর্যন্ত অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে দাখিল করতে পারবেন। নিম্নলিখিত নির্ধারিত তারিখসমূহের শেষ দিন বেলা ৩.০০ টার সময় আবেদনকারীদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। উল্লেখ্য মৎস্যজীবী সমবায় সমিতির অবর্তমানে বর্ণিত নীতিমালা অনুসারে সমাজভিত্তিক মৎস্যচাষ ব্যবস্থাপনার অনুকরণে কেবলমাত্র সংশ্লিষ্ট জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত নির্ধারিত শ্রেণির ব্যক্তিগণের সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় কার্যালয়ে নিবন্ধিত একক সমিতির আবেদনের সুযোগ রয়েছে।

## ক্যালেন্ডার /সময়সূচীঃ

| অনলাইনে (online) দরপত্র আবেদন দাখিলের তারিখ ও সময় | অনলাইনে (online) দাখিলকৃত আবেদনের প্রিন্টেড ও জামানতের মূলকপি সিলগালাকৃত মুখবন্ধ খামে দাখিলের স্থান, তারিখ ও সময় |
|---|---|
| ১৫/০১/২০২৬ খ্রি. (০১ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ) হতে ২৯/০১/২০২৬ খ্রি. (১৫ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ) | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম<br>০১/০২/২০২৬ খ্রি. (১৮ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ হতে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবস অর্থাৎ ০৩/০২/২০২৬ খ্রি. (২০ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ এর মধ্যে) |

বিঃদ্রঃ অনলাইনে (online) আবেদন নির্ধারিত সময়ের মধ্যে করতে হবে। পরবর্তীতে আবেদন করার জন্য সময় বর্ধিত করা হবে না।

## জলমহালের বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ

| ক্রমিক নং | জলমহালের নাম | তফসিল | সম্ভাব্য ইজারা মূল্য (বাংলা ১৪৩৩) হস্তান্তরের তারিখ হতে ইজারামূল্য কার্যকর হবে। |
|---|---|---|---|
| ০১ | নীলের কূড়া<br>ইউঃ-নাগেশ্বরী পৌরসভা | মৌজা- বাগডাঙ্গা<br>এস এ খং নং- ০১<br>এস এ দাগ নং- ৫৬৫<br>পরিমাণ- ১.৩০০০ (একর) | ২৬,৯৫০/-<br>(ছাব্বিশ হাজার নয় শত পঞ্চাশ) |
| ০২ | মাদারের কূড়া<br>ইউঃ গাগলা | মৌজাঃ ধনীগাগলা<br>এস এ খং নং ০১<br>এস এ দাগ নং- ৭০২/৮০৭<br>পরিমাণ- ০.৫১০০ (একর) | ১২,৬৩৫/-<br>(বার হাজার ছয় শত পঁত্রিশ) |
| ০৩ | শিবেরহাট ছড়া<br>ইউঃ কেদার | মৌজা- ঢলুয়াবাড়ী<br>এস এ খং নং- ০১<br>এস এ দাগ নং- ২৬৪০<br>পরিমাণ- ১.১৮০০ (একর)<br>এস এ দাগ নং- ২৭০৫<br>পরিমাণ- ০.৬২০০ (একর)<br>সাকূল্যে মোট পরিমাণ- ১.৮০০ (একর) | ৫৭,৪৫৬/-<br>(সাতান্ন হাজার চার শত ছাপান্ন) |

চলমান পাতা-০২

| | | | |
|---|---|---|---|
| ০৪ | ভেলকারদহ বিল<br>ইউঃ কেদার | মৌজা- ঢলুয়াবাড়ী<br>এস এ খং নং- ০১<br>এস এ দাগ নং- ১৩৬১/১৮০৮, ১৩৬১<br>সাকূল্যে মোট = ৫.৯১০০ (একর) | ১,৯৯,৭৬৩/-<br>(এক লক্ষ নিরানব্বই হাজার সাত শত তেষট্টি) |
| ০৫ | সাতকূড়া বিল<br>ইউঃ নেওয়াশী | মৌজা- নেওয়াশী<br>এস এ খং নং- ০১<br>এস এ দাগ নং- ২৬০৮, পরিমাণ- ১.৩৪০০ (একর)<br>এস এ দাগ নং- ২৬২৪, পরিমাণ- ৫.৮০০০ (একর)<br>সাকূল্যে মোট = ৭.১৪০০ (একর) | ১১৭৯১৫/-<br>(এক লক্ষ সতেরো হাজার নয় শত পনেরো) |
| ০৬ | কালাপাটের কুড়া<br>ইউঃ নেওয়াশী | মৌজা- সুখাতী<br>এস এ খং নং- ০১<br>এস এ দাগ নং- ৪৯৮৯/৫২২৩<br>পরিমাণঃ ২.২৫০০ (একর) | ৫৫,১২৫/-<br>(পঞ্চান্ন হাজার একশত পঁচিশ) |
| ০৭ | নরসিংডাঙ্গা বিল<br>ইউঃ রায়গঞ্জ | মৌজা- দামালগ্রাম<br>এস এ খং নং- ০১<br>এস এ দাগ নং- ৩৯২<br>পরিমাণ- ৬.০৩০০ (একর) | ২,৫৩,৪০০/-<br>(দুই লক্ষ তেপান্ন হাজার চার শত) |
| ০৮ | মন্নেয়ার বিল<br>ইউঃ কালীগঞ্জ | মৌজা- মনাইর পুকুর<br>এস এ খং নং- ০১<br>এস এ দাগ নং- ৬৯০<br>পরিমাণ- ৪.৩২০০ (একর) | ৫২,৫০০/-<br>(বায়ান্ন হাজার পাঁচশত) |
| ০৯ | ছোট মানি বড় মানি<br>ইউঃ বামনডাংগা | মৌজা- তেলিয়ানী<br>এস এ খং নং- ০১<br>এস এ দাগ নং- ১৯৬৩, পরিমাণঃ ১.৩৭০০ একর<br>এস এ দাগ নং- ২২০২, পরিমাণঃ ১.৭১০০ একর<br>সাকূল্যে মোট = ৩.০৮০০ (একর) | ৭২,৪৫০/-<br>(বাহাত্তর হাজার চারশত পঞ্চাশ) |
| ১০ | কেশরিয়া বিল<br>ইউঃ ভিতরবন্দ | মৌজা- চন্ডীপুর<br>এস এ খং নং- ০১<br>এস এ দাগ নং- ১০৫১<br>পরিমাণঃ ১৮.২১০০ একর | ১,৭৮,৫০০/-<br>(এক লক্ষ আটাত্তর হাজার পাঁচশত) |

## বন্দোবস্ত / ইজারার শর্তাবলীঃ

০১। উল্লিখিত সরকারি (বদ্ধ) খাস জলমহালসমূহ বাংলা ১৪৩৩ - ১৪৩৫ সন ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে। সরকারি মূল্যের চেয়ে কম মূল্যে ইজারা প্রদান করা হবে না।

চলমান পাতা-০৩

০২। জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী সমবায় অধিদপ্তর নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবীদের সমিতি জলমহাল ইজারা গ্রহণের জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সমিতি / সংগঠন আবেদন করতে পারবে না। তবে শর্ত থাকে যে, আবেদনকারী সমবায় সমিতি বর্তমানে কার্যকর তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায় কর্মকর্তা বা উপজেলা সমজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র এবং বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করবেন। সমিতির সভাপতি / সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত আবেদনপত্র দাখিল করতে হবে। সভাপতি / সম্পাদকের পরিচয়পত্রসহ সমিতির অনুকূলে সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তা / উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন দাখিল করতে হবে। আবেদন দাখিলের বিষয়ে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ সর্বক্ষেত্রে অনুসরণ করা হবে।

০৩। আবেদনপত্রের সাথে সমিতি / সংগঠনের নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্যাদি ও সত্যায়িত ০১ (এক) কপি ছবি সংযোজন করতে হবে।

০৪। আবেদনকারী মৎস্যজীবী সমিতি / সংগঠন ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা বন্দোবস্ত প্রাপ্তির লক্ষ্যে আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ / উৎপাদন / সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা / রূপরেখা সংযুক্ত করবেন।

০৫। আবেদনকারী কোন মৎস্যজীবী সমিতি / সংগঠনে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি জলমহাল ইজারা বন্দোবস্তপ্রাপ্তির অযোগ্য বিবেচিত হবে।

০৬। প্রতিটি দরপত্র খামের উপর জলমহালের নাম, বিবরণ, মৎস্যজীবী সমিতি / সংগঠনের নাম, ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। বেনামে/ভূয়া/তঞ্চকতাপূর্ণভাবে সমিতি/সংগঠনের নাম ব্যবহার করে দরপত্র দাখিল করা হলে অথবা তথ্য গোপন করা হলে উক্ত সমিতির বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং আবেদন অসম্পূর্ণ থাকলে তা সরাসরি বাতিলযোগ্য হবে।

০৭। বাংলা ০১ বৈশাখ ১৪৩৩ সন হতে ৩০ চৈত্র ১৪৩৫ সন পর্যন্ত ইজারা মেয়াদ বলবত থাকবে।

০৮। দরপত্র অনুমোদন হওয়ার পর অনুমোদিত জলমহালের ইজারা গ্রহীতাদের ইজারার মূল্য সমুদয় অর্থ আবেদন বাবদ -৫০০/- (পাঁচ শত) টাকা (অফেরৎযোগ্য), সরকারি জলমহাল ইজারা মূল্য ১৪১৫২০২ নং কোডে, (ইজারামূল্যের আয়কর বাবদ ১০% অর্থ ১১১১১০১ নং অর্থনৈতিক কোডে এবং ১৫% ভ্যাট এর অর্থ ১১৪১১০১ নং অর্থনৈতিক কোডে) পত্রে উল্লিখিত সময়ের মধ্যে জমা প্রদান করে চালানের মূল কপি উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর কার্যালয়ে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভ্যাট, আয়করসহ ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করে পুনঃইজারা প্রদান করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

০৯। ইজারার অর্থ আদায়ের পর প্রস্তাবিত ইজারার মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বে ইজারাগ্রহীতাকে নিজ উদ্যোগে নির্ধারিত ফরমে ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল অনুযায়ী ৩০০/-(তিনশত টাকার) নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় জলমহালের দখল হস্তান্তর করা হবে না।

১০। আবেদনপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ২০% হারে জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম বরাবর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। জামানতের অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা যাবে।

১১। জলমহাল যেখানে যে অবস্থায় আছে, সেখানে সে অবস্থায় ইজারা প্রদান করা হবে। ইজারাগ্রহণের পর কোন অজুহাত, দরখাস্ত বা আপত্তি গ্রহণ করা হবে না। ইতোপূর্বে জলমহালের উপস্বত্ব ভোগদখল করা হয়েছে, এ সংক্রান্ত আপত্তি দাখিল করা যাবে না। আবেদন দাখিলের পূর্বেই জলমহাল সরেজমিন দেখে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে আবেদন দাখিল করতে হবে। জলমহালটি শুধু মৎস্যচাষের জন্য ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে।

১২। সর্বোচ্চ দরদাতা দরপত্র গৃহীত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে ইজারার অর্থ পরিশোধ করতে হবে। তা না করলে জামানতের অর্থ সরকারের বরাবর স্বয়ংক্রিয়ভাবে বাতিল / বাজেয়াপ্ত হবে এবং জলমহালটি পুনরায় আবেদনের মাধ্যমে ইজারা প্রদান করা হবে।

১৩। লিজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন / সমিতি তাদের নামে লিজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লিজ অথবা অন্য কোন ব্যক্তি / গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবেন না। যদি তা করে থাকে তাহলে উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম উক্ত লিজ বাতিল করে দিবেন এবং জমাকৃত লিজমানি ও জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করবেন।

চলমান পাতা-০৪

১৪। মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই-বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

১৫। ইজারাগ্রহীতা জলমহালের আয়তন হ্রাস-বৃদ্ধি করতে পারবে না। মৎস্য সংক্রান্ত আইন ইজারাগ্রহীতাদের অবশ্যই মেনে চলতে হবে। জলমহালের পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কোনক্রমেই কর্তন করতে পারবে না।

১৬। ইজারাগ্রহীতা জলাশয়ের মধ্যে বা পাড়ে কোন অবকাঠামো নির্মাণ করতে পারবে না।

১৭। কোন মৎস্যজীবী সমবায় সমিতি / সংগঠন ০২ (দুই) টি'র অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত গ্রহণ করতে পারবে না।

১৮। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারাগ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারার মেয়াদ শেষে জলমহালের উপর ইজারাগ্রহীতার কোন প্রকার দাবি, অধিকার, স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের নিকট ন্যস্ত হবে।

১৯। যেকোন আবেদন কোনরুপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২০। অনলাইনে দাখিলকৃত দরপত্রের (প্রিন্টেড কপি) নির্ধারিত বক্সে দরপত্র দাখিলের নির্ধারিত তারিখসমূহে সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে।

01.01.2026

(শারমিন জাহান লুনা)
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম

০১/০১/২৬